



মুক্তি

সত্য ও সুন্দরের নিভীক প্রকাশ
প্রকাশনার ১৮ বছর

মুক্ত গানের পাখি

দেওয়ান আবদুল বাসেত

(আমার ছড়ার একনিষ্ঠ ভক্ত ও সাহিত্য-স্বজন, 'মরুপলাশ' এর উপদেষ্টা ডক্টর এ-কে আব্দুল মোমেন শ্রদ্ধাভাজনেষু)

গবেষণায় দক্ষ তিনি
লেখায় পরিপক্ষ তিনি
পেশার কাজে 'সো-সিরিয়াস'
কথায় কাজে খুব 'জিনিয়াস'
কলমটা তাঁর বেজায় ধারাল!
রয়না কিছু চোখের আড়াল।

কোন কিছু করতে গিয়ে
আমরা যখন 'ফেইল'
কিন্তু তিনি একশ' একাই
দেখিয়ে দিতেন 'খেইল'।

কোন প্রবাসী পায় না খেতে
দেশে কারা চায় না যেতে
পুকুর চুরি করছে কারা?
সা'বের ধামা ধরছে কারা
কোন লাশটা ফ্রিজে আছে
পাঠাচ্ছে না মায়ের কাছে।

লক্ষ টাকার ভিসায় এসে
কোন প্রবাসী অস্তিসার,
নেই 'ইকামা' যাদের কাছে
এমনি কেন খাচ্ছে মার?

বেজায় তাহার বুকের পাটা
খুঁজতে থাকেন কারণ,
কিন্তু এসব খুঁজতে যাওয়া
সভ্যতাতে বারণ (!?)

কাজটা যাদের কিন্তু তারা করবে নাতো কিছু
ডক্টর মোমেন এগিয়ে গেলে, নিন্দা পাবে পিছু!
ধর্মিক দিয়ে চাইলো কেহ
বগল দাবা করতে,
চাইলো কেহ প্রেমের জালে
পোষ মানিয়ে ধরতে।

কিন্তু সেতো দেয় না ধরা
মুক্ত গানের পাখি,
আকাশ নীলে উড়তে থাকে
আপন সুরে ডাকি।

চির তরুণ চির সবুজ
মনটি শিশুর মতোই অবুজ
সরস মনের সচল মানুষ
পাপড়ি ছোঁয়া মন,
হৃদয় তাহার মুক্ত আকাশ
বৃষ্টি ধোয়া বন।

২২ জুলাই, ২০০৩ / শ্রাবণ ১৪১০ বাঙলা
রিয়াদ, সউদী আরব।